দৈনিক ইনকিলাব

তারিখ ... 3 JUL. 2003 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

# সরকার দু'টি বাজেটে বেসরকারী শিক্ষক কর্মচারীদের জন্য কোন বরাদ্দ রাখেনি : শিক্ষক সমিতি

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ শিক্ষক সমিতির (আউয়াল-আবু বকর) নেতৃবৃন্দ অভিযোগ করেছেন, জোট সরকার ক্ষমতায় এসে দু'টি বাজেট ঘোষণা করলেও বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জন্য বাজেটে

১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## শিক্ষক সমিতি

৮-এর পৃষ্ঠার পর

কোন অর্থ বরাদ্দ রাখেনি। গতকাল বুধবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটি সম্মেলন কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ অভিযোগ করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের সরকারী শিক্ষক-কর্মচারীদের অনুরূপ বেতন-ভাতা, বাড়ী ভাড়া, ইনক্রিমেন্ট ও মর্যাদা প্রদানের দাবী করেছেন। সাংবাদিক সম্মেলনে অবিলম্বে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের শতকরা ১০ ভাগ বেতন বৃদ্ধি, শতকরা ৩০ ভাগ মহার্ঘ ভাতা প্রদান এবং আমলাতান্ত্রিক জেলা-উপজেলা কমিটি বাতিলের দাবী করেছে। সাংবাদিক সম্মেলনে সমিতি ৭ দফা দাবী আদায়ে আগামী ৩ মাসের আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেছে। ঘোষিত কর্মসূচীর মধ্যে রয়েছে ১০ জুলাই থানা পর্যায়ে মিছিল ও স্মারকলিপি পেশ, ১৭ জুলাই জেলা পর্যায়ে মিছিল, সমাবেশ ও স্মারকলিপি পেশ, ২৪ জুলাই জেলা সদরে মানববন্ধন, ২২ আগষ্ট বিভাগীয় পর্যায়ে সমাবেশ ও বিক্ষোভ মিছিল, ১৭ সেপ্টেম্বর শিক্ষা সেমিনার ও ২৬ সেপ্টেম্বর ঢাকায় শিক্ষক সমাবেশ এবং দাবী মানা না হলে পরবর্তী বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন এম এ আউয়াল সিদ্দিকী, চৌধুরী খুরশীদ আলম, কে এম আবুল হাসান আলাউদ্দিন ভূঁইয়া।